

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং দুদক/জনসংযোগ/

তারিখ: ২৬/৩/২০১৬ খ্রি:

বিষয় : দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ এর উদ্বোধন

'দেশ প্রেমের শপথ দিন, দুর্নীতিকে বিদায় দিন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে আজ সকাল ৮.০০ ঘটিকায় কমিশনের প্রধান কার্যালয় প্রাঙ্গনে বেলাল ও কবুতর উড়িয়ে দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ এর শুভ উদ্বোধন করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ, এ, এফ, এম আমিনুল ইসলাম, কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল, মহাপরিচালক যথাক্রমে ড. মো: শামসুল আরেফিন, মো: জিয়াউদ্দিন, ফরিদ আহমেদ ভূঁইয়া, মঈনুল ইসলাম, মো: সহিদুজ্জামান ও নূর আহাম্মদ সহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

দুদক চেয়ারম্যান তাঁর উদ্বোধনী বক্তব্যে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি এবং বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন বিশ্বে আজ স্বীকৃত। এই অগ্রগতিকে আরও বেগবান করার জন্য দুর্নীতি প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা সমীচীন হবে। ২৬ মার্চ থেকে ০১ এপ্রিল পর্যন্ত দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ পালনের লক্ষ্য জানিয়ে তিনি বলেন, গণসচেতনতা সৃষ্টি করে দুর্নীতির বিরুদ্ধে একটি সামাজিক আন্দোলন গড়ে তোলা।

তিনি আরও বলেন সর্বস্তরের জনগণের অংশগ্রহণ ছাড়া দুর্নীতি দমন ও প্রতিরোধ সম্ভব নয়। এক্ষেত্রে সাংবাদিকগণের সহযোগিতা চেয়ে বলেন, কমিশনের সকল কার্যক্রমকে পপমাধ্যমে প্রচারের মাধ্যমে দেশবাসীকে সামাজিক আন্দোলনে উত্ত্বুদ্ধ করা যেতে পারে। সাংবাদিকগণের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমান কমিশন কেবল যাত্রা শুরু করেছে। আমাদের জানতে - বুঝতে কিছুটা সময় লাগবে। আমরা সবকিছু বুঝার চেষ্টা করছি। তবে আমি এতটুকু নিশ্চয়তা দিতে পারি বর্তমান কমিশন আইনের আওতায় সকল কার্যক্রম পরিচালনা করবে।

উদ্বোধনী অনুষ্ঠানের পর কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদের নেতৃত্বে কমিশনের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ সূশ্রুঞ্জলভাবে সারিতে দাঁড়িয়ে সাভার জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে দুপুরে দুর্নীতি দমন কমিশনের মিডিয়া সেন্টারে ফিতা কেটে কার্টুন ও পোস্টার প্রদর্শনীর উদ্বোধন করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ ও এ, এফ, এম আমিনুল ইসলাম কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল সহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, কার্টুন ও পোস্টার প্রদর্শনী ২৬ মার্চ হতে ০১ এপ্রিল সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে।



(প্রবী কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা